



# Office of The Magura Municipality, Magura

Estd. : 1972

Phone: +08802477710290

E-mail: magura\_paurashava@yahoo.com Website: www.magurapaurashava.gov.bd

Memo No. : Ma. Pau. :

Date :

স্মারক নম্বর- ৪৬.৪৪.৫৫৫৭.০৬৩.০৮.০১৪.২৪-

তারিখ : ০৭ ফাল্গুন ১৪৩১  
২০ ফেব্রুয়ারী ২০২৫

বিষয় : ০৯৭/২০২৪-২৫ নং নকশা অনুমোদন ও নির্মাণ কাজ শুরু করার অনুমতি পত্র

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তফসিল : মৌজা-বাটিকাডাঙ্গা, জে.এল নং-আর এস ৭০, খতিয়ান নং- (মিউটেশন/আর এস) ৬৩৬, ৭০০ ; দাগ নং-আর এস (মিউটেশন/আর এস) ৬৩, ৬৪, ৬৫, জমির পরিমাণ- ৪.৫০ (চার দশমিক পাঁচ গুণ্য) কিন্তু জরিপ প্রতিবেদন অনুযায়ী ৪.৪৬ (চার দশমিক চার ছয়) শতক এর উপর ০৩ (তিন) তলা আবাসিক ভবন যার ফ্লোর এরিয়া= (৯৭২.০০ বর্গফুট x ০৩) = ২৯১৬.০০ বর্গফুট এবং নকশা নং-০৯৭/২০২৪-২০২৫ এর শে-আউট প্রান গত ২৩/১২/২০২৪ তারিখে অনুষ্ঠিত পৌরসভার অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদন ও ভবনের গুনগত মান নিশ্চিতকরণ কমিটির ৩২ (বত্রিশ) তম সভায় সুপারিশের প্রেক্ষিতে ২০/০২/২০২৫ হতে ১৯/০২/২০২৬ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে অনুমোদন দেওয়া হলো।


শর্তাবলী :

- ১। অনুমোদিত শে-আউট প্রান অনুযায়ী কাজ শুরুর ৭ (সাত) দিন পূর্বে লিখিতভাবে পৌরসভাকে অবহিত করতে হবে এবং পৌরসভা প্রকৌশল বিভাগ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও ভবন নির্মাণের মালিক কর্তৃক নিয়োজিত তদারকি প্রকৌশলীর উপস্থিতি নিশ্চিত করণ সহ স্বাক্ষর প্রমাণ সাপেক্ষে কাজের শে-আউট গ্রহণ করতে হবে;
- ২। অনুমোদিত নকশা অনুযায়ী ভবন নির্মাণ সম্পর্কিত অঙ্গীকারনামা অনুসারে অনুমোদিত সেটব্যাক মোতাবেক চারিদিকে জায়গা উন্মুক্ত রেখে ভবন নির্মাণ করতে হবে;
- ৩। প্লিন্থ লেভেল পর্যন্ত নির্মাণের পর তদারকি প্রকৌশলী এবং ভবনের মালিকের যৌথ স্বাক্ষরে নির্ধারিত ফরমে একটি প্রতিবেদন পৌরসভা বরাবর প্রেরণ করবেন;
- ৪। কমিটি প্রাথমিক প্রতিবেদন প্রাপ্তির পর সরেজমিনে পরিদর্শনে অনুমোদিত প্রানের সাথে কাজের কোন প্রকার বিচ্যুতি ধরা পড়লে মালিক ও তদারকি প্রকৌশলী সংশোধনের ব্যবস্থা করবেন; অন্যথায় কমিটি সেক্ষেত্রে অবৈধ অংশ অপসারণ, অনুমতিপত্র এবং অনুমোদিত নকশা বাতিল করতে পারবেন;
- ৫। প্রতিটি ফ্লোরের ছাদ ঢালাই করার পর মালিক ও সুপারভিশন প্রকৌশলীর যৌথ স্বাক্ষরে একটি কার্য সম্পাদন প্রতিবেদন পৌরসভায় দাখিল করবেন;
- ৬। নির্মাণ কাজ চলাকালীন সময়ে পার্শ্ববর্তী ভবন, অবকাঠামো এবং জনগণের কোন প্রকার ক্ষতিসাধন করা যাবে না। চৌহদ্দির মালিকগণের জমি ও স্থাপনার কোন প্রকার ক্ষয়ক্ষতি হলে তার দায় দায়িত্ব ভবন নির্মাণকারীকেই বহন করতে হবে;
- ৭। ইমারত আংশিক বা সম্পূর্ণ নির্মাণ সম্পন্ন হবার পর নির্ধারিত ফরমে আবেদন করে বসবাস বা ব্যবহারের অনুমতি সনদপত্র গ্রহণ করতে হবে। আবেদনের সাথে নিম্নলিখিত দলিল এবং নকশাদি সংরক্ষণের জন্য জমা দিতে হবে;
  - (ক) তদারকি প্রকৌশলী কর্তৃক সমাপ্ত প্রতিবেদন;
  - (খ) পৌরসভা কর্তৃক অনুমোদিত স্থাপত্য নকশার ভিত্তিতে নির্মিত ভবনের নকশা (As built Drawing);
  - (গ) ইমারত নির্মাণ সংক্রান্ত Test Report যেমন : নির্মাণ কাজে ব্যবহৃত মালামাল, Cylinder Test এবং MS রড Test Report সহ প্রতিবেদন দাখিল করতে হবে;
  - ৮। নবনির্মিত ভবনটি পৌরসভার প্রকৌশলী কর্তৃক পরিদর্শন করার পর সঠিক তথ্যদি সরবরাহ পূর্বক পৌরসভা হতে ভবন ব্যবহারের অনুমতি/সনদপত্র গ্রহণ করতে হবে।
  - ৯। নকশার স্ট্রাকচারাল ডিজাইনের কোন ত্রুটির জন্য পৌর কর্তৃপক্ষ দায়ী থাকবে না;
  - ১০। যে উদ্দেশ্যে (আবাসিক/বাণিজ্যিক) ভবন নির্মাণের অনুমতি দেওয়া হয়েছে, সে উদ্দেশ্যে ব্যতিত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না;
  - ১১। প্রস্তাবিত নকশার জমি সংক্রান্ত বিষয়ে আদালত কর্তৃক নিষেধাজ্ঞা বা অপর পক্ষের অনুকূলে রায় হয়, সেক্ষেত্রে সঙ্গে সঙ্গে নির্মাণ কাজ বন্ধ ও অনুমোদিত নকশা বাতিল বলে গণ্য হবে;
  - ১২। পৌরসভা অথবা সরকারের প্রয়োজনে ভবন নির্মাণ সংক্রান্ত বিষয়ে যে কোন প্রকার সংশোধন ও রদবদল করার সার্বিক ক্ষমতা নিম্নস্বাক্ষরকারী সংরক্ষণ করেন;
  - ১৩। ৫ (পাঁচ) বা ততোধিক তলা বিশিষ্ট ভবনের ক্ষেত্রে নির্মাণ সম্পর্কিত তথ্য সম্বলিত সাইনবোর্ড কার্যকর প্রদর্শনের জন্য স্থাপন করতে হবে (সংযুক্ত ছক মোতাবেক);
  - ১৪। সরকারি ও বেসরকারি (আবাসিক ও বাণিজ্যিক) ইমারতসমূহ নির্মাণ চলাকালীন এবং ব্যবহারের সময় ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক নিরাপত্তার জন্য বীমার আওতায় আনয়ন করতে হবে (স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-২ শাখা, স্মারক নং: ৪৬.০০০০.০৬৪.৩২.০৬০.১৪.৫২৯, তারিখ: ৩১ মে ২০২৩ খ্রি: পত্র মোতাবেক)।

জনাবা মোছাঃ রিজিয়া বেগম  
পিং-মোঃ নুরুল হক  
সাং-বাটিকাডাঙ্গা,  
উপজেলা: মাগুরা সদর, জেলা: মাগুরা।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। নির্বাহী প্রকৌশলী, মাগুরা পৌরসভা, মাগুরা;
- ২। পৌর নির্বাহী কর্মকর্তা, মাগুরা পৌরসভা, মাগুরা;
- ৩। কর নির্ধারক, মাগুরা পৌরসভা, মাগুরা;
- ৪। অফিস নথি।

  
মোঃ আব্দুল কাদের  
প্রশাসক  
মাগুরা পৌরসভা, মাগুরা